

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

৩১ আগস্ট ২০১১

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ঈদ শুভেচ্ছা বিনিময়

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে গত ৩০ আগস্ট ২০১১ অপরাহ্নে এক ঈদ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মার্কিন পররাষ্ট্র দফতরের উর্দ্ধতন কর্মকর্তা, বিভিন্ন কূটনৈতিক মিশনের প্রতিনিধিবৃন্দ, বিদেশী অতিথি এবং প্রবাসী বাংলাদেশী নাগরিকবৃন্দ অংশগ্রহণ করেন। অতিথিদেরকে স্বাগত জানান দূতাবাসের চার্জ দ্য এ্যাফেয়ার্স জনাব মোঃ জসীম উদ্দিন এবং দূতাবাসের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

দীর্ঘ এক মাস সিয়াম সাধনার পর অনুষ্ঠিত এ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি এবং দূতাবাস পরিবারের সদস্যবৃন্দ পারস্পরিক কুশল বিনিময় করেন। উপস্থিত অতিথিদের মধ্যে ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত ফিজির মান্যবর রাষ্ট্রদূত জনাব উইস্টন থমসন, মার্কিন পররাষ্ট্র দফতরের প্রিন্সিপাল ডেপুটি এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী মিজ্ কেলি ক্লেমস, পরিচালক থিয়োডর এনড্রিওজ, বাংলাদেশ ডেস্ক কর্মকর্তা জনাব এছনি ডিন ট্রানসিনা, মার্কিন লেখিকা মিজ্ এম. ডুব্রু প্রমুখ। অতিথিবৃন্দেরকে বাংলাদেশের ঐতিহ্যবাহী ও সুস্বাদু খাবার দিয়ে আপ্যায়ন করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল: pressministerwash@yahoo.com